# জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্বলিত
# বিভিন্ন মূল্যমানের ব্যাংক/কারেন্সীনোটের নিরাপত্তা বৈশিষ্ট্যসমূহ

## ২ টাকার নতুন কারেন্সীনোটের নিরাপত্তা বৈশিষ্ট্যসমূহ

১. অর্থ সচিব মোহাম্মদ তারেক স্বাক্ষরিত ১০০ × ৬০ মিলিমিটার সাইজের এ নোটটিতে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি, উক্ত প্রতিকৃতির নীচে উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ '2' এবং প্রতিকৃতির বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম ।
২. নোটের কাগজের ভিতরে অবস্থিত ২ মিলিমিটার চওড়া এমবেডেড্ নিরাপত্তা সুতাটি আলোর বিপরীতে নোটের উভয় পিঠ হতে দেখা যাবে ।







৩. নোটের সামনের দিকে বাম পাশে লাইন প্যাটার্ন এর সাথে অবস্থিত সরু রেখাটিতে অতি সুক্ষ্মভাবে BANGLADESH BANK শব্দদ্বয় পুনঃ পুনঃ মুদ্রিত রয়েছে যা শুধু আতশী কাঁচ দ্বারা দেখা যাবে ।
৪. নোটের সামনের দিকে বঙ্গবন্ধুর প্রতিকৃতি এবং পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা রং এ জাতীয় স্মৃতিসৌধ মুদ্রিত রয়েছে ।
৫. নোটের পিছনের দিকে কেন্দ্রীয় শহীদ মিনারের ছবি মুদ্রিত আছে ।

## ৫ টাকার নতুন ব্যাংকনোটের নিরাপত্তা বৈশিষ্ট্যসমূহ

১. গভর্নর আতিউর রহমান স্বাক্ষরিত ১১৭ × ৬০ মিলিমিটার সাইজের এ নোটটিতে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি, উক্ত প্রতিকৃতির নীচে উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ '5' এবং প্রতিকৃতির বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম ।
২. নোটের কাগজের ভিতরে অবস্থিত ২ মিলিমিটার চওড়া এমবেডেড্ নিরাপত্তা সুতাটি আলোর বিপরীতে নোটের উভয় পিঠ হতে দেখা যাবে ।







৩. নোটের সামনের দিকে বাম পাশে লাইন প্যাটার্ন এর সাথে সরু রেখাটিতে অতি সুক্ষ্মভাবে BANGLADESH BANK শব্দদ্বয় পুনঃ পুনঃ মুদ্রিত রয়েছে যা শুধু আতশী কাঁচ দ্বারা দেখা যাবে ।
৪. নোটের সামনের দিকে বঙ্গবন্ধুর প্রতিকৃতি এবং পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা রং এ জাতীয় স্মৃতিসৌধ মুদ্রিত রয়েছে ।
৫. নোটের পিছনের দিকে নওগাঁস্থ কুসুম্বা মসজিদ এর ছবি মুদ্রিত আছে ।

## ১০০ টাকার নতুন ব্যাংকনোটের বৈশিষ্ট্যসমূহ

**কাগজ ঃ**
নোটটি সিনথেটিক ফাইবার মিশ্রিত অধিক টেকসই কাগজে মুদ্রিত।

**জলছাপ ঃ**
কাগজে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে অতি উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 100 লেখা আছে এবং জলছাপের বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রামের উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ জলছাপ রয়েছে।

**রং পরিবর্তনশীল কালি ঃ**
উপরের ডানদিকের কোণায় (Optically Variable Ink) OVI অংশে 100 লেখাটি সরাসরি তাকালে সোনালী এবং তির্যকভাবে তাকালে সবুজ রং দেখা যাবে।

**রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সুতা ঃ**
নোটের বাম পাশে ৪ মিলিমিটার চওড়া নিরাপত্তা সূতা; যাতে বাংলাদেশ ব্যাংকের লগো ও '১০০ টাকা' লেখা আছে; সরাসরি তাকালে 'লগো' ও '১০০ টাকা' লেখা সাদা দেখাবে; কিন্তু পাশ থেকে দেখলে বা ৯০ ডিগ্রী-তে নোটটি ঘুরালে তা কালো দেখাবে।

**ইন্টাগ্লিও লাইন ঃ**
নোটের ডান দিকে আড়াআড়িভাবে ইন্টাগ্লিও কালিতে ৭ টি সমান্তরাল লাইন আছে; হাতের স্পর্শে এগুলো সহজেই অনুভব করা যাবে।




**অতি ছোট আকারের লেখা ঃ**
নিরাপত্তা সূতার বাম পাশে খালি চোখে ১টি সরলরেখা দেখা যাবে, যাতে 'BANGLADESH BANK' পুন: পুন: মুদ্রিত। লেখাগুলো অতি ছোট আকারের হওয়ায় আতশী কাঁচ ব্যতীত খালি চোখে দেখা যাবে না।

**অন্ধদের জন্য বিন্দু ঃ**
নোটের ডানদিকে অন্ধদের জন্য ৩টি ছোট বিন্দু রয়েছে যা হাতের স্পর্শে উঁচু-নিচু অনুভূত হবে।

**লুকানো ছাপা ঃ**
নোটের নিচের বর্ডারে সুপ্ত বা লুকানো অবস্থায় '১০০' মুদ্রিত আছে, নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।

**পশ্চাদপট (Background) মুদ্রণ ঃ**
নোটের সামনের দিকে পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা অফসেটে জাতীয় স্মৃতিসৌধ মুদ্রিত রয়েছে।

**অসমতল ছাপা ঃ**
নোটের সামনের দিকে ইন্টাগ্লিও কালিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি মুদ্রিত।




**নোটের পিছন ভাগ ঃ**
নোটের পিছনের দিকে ইন্টাগ্লিও কালিতে ঢাকার তারা মসজিদ মুদ্রিত আছে যা হাতের আঙ্গুলের স্পর্শে অসমতল অনুভূত হবে।

নোটের সাইজ ১৪০ X ৬২ মিলিমিটার।

নোটের উভয় পীঠের অধিকাংশ লেখা ও ডিজাইন (সামনে বর্ডার, বাংলা ১০০, ইংরেজী 100 , মধ্যভাগের লেখা, পেছনে তারা মসজিদ ও বর্ডার) ইন্টাগ্লিও কালিতে মুদ্রিত হওয়ায় হাতের আঙ্গুলের স্পর্শে সেগুলো অসমতল বা উঁচু-নিচু অনুভূত হবে।

## ৫০০ টাকার নতুন ব্যাংকনোটের বৈশিষ্ট্যসমূহ

**কাগজ ঃ**
নোটটি সিনথেটিক ফাইবার মিশ্রিত অধিক টেকসই কাগজে মুদ্রিত।

**জলছাপ ঃ**
কাগজে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে অতি উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 500 লেখা আছে এবং জলছাপের বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রামের উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ জলছাপ রয়েছে।

**রং পরিবর্তনশীল কালি ঃ**
উপরের ডানদিকের কোণায় (Optically Variable Ink) OVI অংশে 500 লেখাটি সরাসরি তাকালে লালচে এবং তির্যকভাবে তাকালে সবুজ রং দেখা যাবে।

**রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সুতা ঃ**
নোটের বাম পাশে ৪ মিলিমিটার চওড়া নিরাপত্তা সূতা; যাতে বাংলাদেশ ব্যাংকের লগো ও '৫০০ টাকা' লেখা আছে; সরাসরি তাকালে 'লগো' ও '৫০০ টাকা' লেখা সাদা দেখাবে; কিন্তু পাশ থেকে দেখলে বা ৯০ ডিগ্রী-তে নোটটি ঘুরালে তা কালো দেখাবে।

**ইন্টাগ্লিও লাইন ঃ**
নোটের ডান দিকে আড়াআড়িভাবে ইন্টাগ্লিও কালিতে ৭ টি সমান্তরাল লাইন আছে; হাতের স্পর্শে এগুলো সহজেই অনুভব করা যাবে।




**অতি ছোট আকারের লেখা ঃ**
নিরাপত্তা সূতার বাম পাশে খালি চোখে ১টি সরলরেখা দেখা যাবে, যাতে 'BANGLADESH BANK' পুন: পুন: মুদ্রিত। লেখাগুলো অতি ছোট আকারের হওয়ায় আতশী কাঁচ ব্যতীত খালি চোখে দেখা যাবে না।

**অন্ধদের জন্য বিন্দু ঃ**
নোটের ডানদিকে অন্ধদের জন্য ৪টি ছোট বিন্দু রয়েছে যা হাতের স্পর্শে উঁচু-নিচু অনুভূত হবে।

**লুকানো ছাপা ঃ**
নোটের নিচের বর্ডারে সুপ্ত বা লুকানো অবস্থায় '৫০০' মুদ্রিত আছে, নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।

**পশ্চাদপট (Background) মুদ্রণ ঃ**
নোটের সামনের দিকে পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা অফসেটে জাতীয় স্মৃতিসৌধ মুদ্রিত রয়েছে।

**অসমতল ছাপা ঃ**
নোটের সামনের দিকে ইন্টাগ্লিও কালিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি মুদ্রিত।




**নোটের পিছন ভাগ ঃ**
নোটের পিছনের দিকে ইন্টাগ্লিও কালিতে বাংলাদেশের কৃষি কাজের দৃশ্য মুদ্রিত আছে যা হাতের আঙ্গুলের স্পর্শে অসমতল অনুভূত হবে।

নোটের সাইজ ১৫২ X ৬৫ মিলিমিটার।

নোটের উভয় পীঠের অধিকাংশ লেখা ও ডিজাইন (সামনে বর্ডার, বাংলা ৫০০, ইংরেজী 500, মধ্যভাগের লেখা, পেছনে কৃষি কাজের দৃশ্য ও বর্ডার) ইন্টাগ্লিও কালিতে মুদ্রিত হওয়ায় হাতের আঙ্গুলের স্পর্শে সেগুলো অসমতল বা উঁচু-নিচু অনুভূত হবে।

## ১০০০ টাকার নতুন ব্যাংকনোটের বৈশিষ্ট্যসমূহ

**কাগজ ঃ**
নোটটি সিনথেটিক ফাইবার মিশ্রিত অধিক টেকসই কাগজে মুদ্রিত।

**জলছাপ ঃ**
কাগজে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে অতি উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 1000 লেখা আছে এবং জলছাপের বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রামের উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ জলছাপ রয়েছে।

**রং পরিবর্তনশীল কালি ঃ**
উপরের ডানদিকের কোণায় (Optically Variable Ink) OVI অংশে 1000 লেখাটি সরাসরি তাকালে সোনালী এবং তির্যকভাবে তাকালে সবুজ রং দেখা যাবে।

**রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সুতা ঃ**
নোটের বাম পাশে ৪ মিলিমিটার চওড়া নিরাপত্তা সূতা; যাতে বাংলাদেশ ব্যাংকের লগো ও '১০০০ টাকা' লেখা আছে; সরাসরি তাকালে 'লগো' ও '১০০০ টাকা' লেখা সাদা দেখাবে; কিন্তু পাশ থেকে দেখলে বা ৯০ ডিগ্রী-তে নোটটি ঘুরালে তা কালো দেখাবে।

**ইন্টাগ্লিও লাইন ঃ**
নোটের ডান দিকে আড়াআড়িভাবে ইন্টাগ্লিও কালিতে ৭ টি সমান্তরাল লাইন আছে; হাতের স্পর্শে এগুলো সহজেই অনুভব করা যাবে।




**অতি ছোট আকারের লেখা ঃ**
নিরাপত্তা সূতার বাম পাশে খালি চোখে পরপর ২ টি সরলরেখা দেখা যাবে, যেগুলোর একটিতে '1000 TAKA' এবং অন্যটি 'BANGLADESH BANK' পুন:পুন: মুদ্রিত আছে। লেখাগুলো অতি ছোট আকারের হওয়ায় আতশী কাঁচ ব্যতীত খালি চোখে দেখা যাবে না।

**অন্ধদের জন্য বিন্দু ঃ**
নোটের ডানদিকে অন্ধদের জন্য ৫টি ছোট বিন্দু রয়েছে যা হাতের স্পর্শে উঁচু-নিচু অনুভূত হবে।

**লুকানো ছাপা ঃ**
নোটের নিচের বর্ডারে সুপ্ত বা লুকানো অবস্থায় '১০০০' মুদ্রিত আছে, নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।

**পশ্চাদপট (Background) মুদ্রণ ঃ**
নোটের সামনের দিকে পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা অফসেটে জাতীয় স্মৃতিসৌধ মুদ্রিত রয়েছে।

**অসমতল ছাপা ঃ**
নোটের সামনের দিকে ইন্টাগ্লিও কালিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি মুদ্রিত।




**নোটের পিছন ভাগ ঃ**
নোটের পিছনের দিকে ইন্টাগ্লিও কালিতে জাতীয় সংসদ ভবন মুদ্রিত আছে যা হাতের আঙ্গুলের স্পর্শে অসমতল অনুভূত হবে।

**ইরিডিসেন্ট স্ট্রাইপ ঃ**
নোটের পিছনের দিকে ইরিডিসেন্ট ব্যান্ড বা স্ট্রাইপে BANGLADESH BANK লেখা আছে; নোটটি নাড়াচড়া করলে এর রং পরিবর্তন হয়।

নোটের সাইজ ১৬০ X ৭০ মিলিমিটার।

নোটের উভয় পীঠের অধিকাংশ লেখা ও ডিজাইন (সামনে বর্ডার, বাংলা ১০০০, ইংরেজী 1000, মধ্যভাগের লেখা, পেছনে সংসদ ভবন ও বর্ডার) ইন্টাগ্লিও কালিতে মুদ্রিত হওয়ায় হাতের আঙ্গুলের স্পর্শে সেগুলো অসমতল বা উঁচু-নিচু অনুভূত হবে।

ব্যাংকনোটের ব্যবহার সম্পর্কে সচেতন হোন

নোট জালকারীচক্রের প্রতারণা থেকে নিজেকে রক্ষা করুন

বাংলাদেশ ব্যাংক

www.bangladeshbank.org.bd → bank note & coins → security features

GD - 4046